দৈনিক বাংলা

তারিখ ... 5/5/83
পৃষ্ঠা... ... ... কলাম... ...

005

## বাস্তবতা বর্জিত শিক্ষানীতি শিক্ষা সমস্যার মূল কারণ : মজিদ খান

শিক্ষা মন্ত্রী ডঃ আবদুল মজিদ খান বলেন, বাস্তবতা বিবর্জিত শিক্ষা নীতির ফলে একটা জাতি সমস্যার যে কত উঁচু পাহাড় সৃষ্টি করতে পারে বাংলাদেশ তার এক জীবন্ত দৃষ্টান্ত। তিনি বলেন

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## মজিদ খান

(১ম পৃঃ পর)

লাখ লাখ শহীদের রক্তের বিনিময়ে আমরা বর্তমানে যে স্বাধীন সার্বভৌম রাষ্ট্রের নাগরিক তাঁরাও নিশ্চয়ই বাংলাদেশের শিক্ষা ব্যবস্থার এমনতর দিকদর্শন আশা করেননি। খবর তথ্য বিবরণীর।

ডঃ খান দুঃখ করে বলেন স্বাধীনতার ১২ বছরের পরেও বাংলাদেশ শিক্ষা ক্ষেত্রে দিন দিন পিছিয়ে পড়ছে অথচ স্বাধীনতার স্বল্প সময়ের মধ্যেও যেকোন জাতি শিক্ষা-দীক্ষায় উল্লেখযোগ্য অবদান রাখতে পারে—ইন্দোনেশিয়া মালয়েশিয়া ও তাঞ্জানিয়া তার উজ্জ্বল দৃষ্টান্ত। তিনি বলেন শিক্ষার ব্যবহারিক প্রয়োগের অভাবই শিক্ষাক্ষেত্রে অনুন্নতির মূল কারণ। তিনি দৃঢ় আশাবাদ ব্যক্ত করে বলেন বস্তুনিষ্ঠ কর্মকেন্দ্রিক শিক্ষা, জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে বাংলাদেশের শিক্ষা এবং অর্থনৈতিক সমস্যার সমাধান অবশ্য সম্ভব। মন্ত্রী গতকাল বুধবার ঢাকার জগন্নাথ কলেজের শিক্ষক মিলনায়তনে শিক্ষকদের উদ্দেশে প্রধান অতিথির ভাষণ দিচ্ছিলেন।

ডঃ খান বলেন, ছাত্রসমাজ আজ দিশেহারা, কেননা তাদের কাছে ভবিষ্যৎ এখন মৃত। বর্তমান শিক্ষা ব্যবস্থায় সৃষ্টি হয়েছে লাখ লাখ বেকারের, এবং অনেকের মেধা থাকা সত্ত্বেও উচ্চ শিক্ষার সুযোগ পাচ্ছে না, চাকরির সুযোগ পাচ্ছে না, এমন কি আত্মসম্মান নিয়ে বেঁচে থাকার মতো সম্বলও তাদের নেই। এসব সুযোগ বঞ্চিত বেকারদের জীবন্মৃত সমস্যা নিয়ে আমাদের ভাবতে হবে, কেননা এরাও আমাদের ভবিষ্যৎ জাতীয় উৎপাদিকা শক্তি।